গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
অভ্যন্তরীণ প্রশিক্ষণ-০৩ শাখা
www.mopa.gov.bd

স্মারক নম্বর- ০৫.০০.০০০০.২০৩.২৫.০০৩.২৫.৩৬

তারিখঃ ৩০ মাঘ ১৪৩১ব.
১৩ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিঃ

বিষয়: অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের অধীন Skill for Industry Competitiveness and Innovation Program (SICIP) প্রকল্পের আওতায় বাংলাদেশ ইনস্টিটিউট অব গভর্নেন্স এন্ড ম্যানেজমেন্ট (বিআইজিএম) কর্তৃক আয়োজিত Rise to Lead: Developing Future Leaders' শীর্ষক প্রশিক্ষণ কোর্সের ১ম ব্যাচ কর্মকর্তা/প্রশিক্ষণার্থী মনোনয়ন প্রেরণ।

সূত্র: বিআইজিএম-এর ডিও নম্বর-বিআইজিএম/এসআইসিআইপি/প্র-১/২০২৪-২০২৮/২০২৫-১১, তারিখ: ১১.০২.২০২৫ খ্রি:

**বিজ্ঞপ্তি**

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের অধীন Skill for Industry Competitiveness and Innovation Program (SICIP) প্রকল্পের আওতায় বাংলাদেশ ইনস্টিটিউট অব গভর্নেন্স এন্ড ম্যানেজমেন্ট (বিআইজিএম) কর্তৃক আয়োজিত Rise to Lead: Developing Future Leaders' শীর্ষক প্রশিক্ষণ কোর্সের ১ম ব্যাচ আগামী ১৯ এপ্রিল ২০২৫ তারিখ হতে ০৭ মে ২০২৫ তারিখ পর্যন্ত বাংলাদেশ ইনস্টিটিউট অব গভর্নেন্স এন্ড ম্যানেজমেন্ট (বিআইজিএম) ই-৩৩, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকাতে অনুষ্ঠিত হবে।

কোর্স সংক্রান্ত তথ্যসমূহ নিম্নরূপ:

| | |
|---|---|
| (ক) | উক্ত প্রশিক্ষণ কোর্সটিতে সিনিয়র সহকারী সচিব, উপসচিব বা যুগ্মসচিব পর্যায়ের বিসিএস ক্যাডারভুক্ত ও সমপর্যায়ের কর্মকর্তাগণ (বয়সসীমা ৩০ বছর হতে অনূর্ধ্ব ৫২ বছর) আবেদন করতে পারবেন ; |
| (খ) | প্রশিক্ষণ কোর্সটি সপ্তাহে ০৫(পাঁচ) দিন শনিবার হতে বুধবার সকাল ৯.০০ টা থেকে বিকাল ০৫(পাঁচ) টা পর্যন্ত নির্ধারিত পাঠ পরিকল্পনা অনুযায়ী চলবে; |
| (গ) | কোর্সটির প্রত্যেক ব্যাচে BIGM-এ অনুষ্ঠিত 'Policy Analysis' এবং 'Strategic Management' কোর্সের মধ্য হতে শুধুমাত্র যে কোনো একটি কোর্সে অংশগ্রহণকারীর সর্বোচ্চ ৫০(পঞ্চাশ) শতাংশ প্রশিক্ষণার্থী অংশগ্রহণের সুযোগ পাবেন; |
| (ঘ) | প্রত্যেক প্রশিক্ষণার্থীগণ-কে প্রতিদিন যাতায়াত ভাতা হিসেবে ৬০০ (ছয়শত) টাকা প্রদান করা হবে এবং প্রশিক্ষণার্থীদের সকাল-বিকাল চা-চক্র ও দুপুরের খাবারের ব্যবস্থা করা হবে; |
| (ঙ) | মনোনীত কর্মকর্তা/প্রশিক্ষণার্থীগণ প্রশিক্ষণকালীন ৩ (তিন) সপ্তাহ বাংলাদেশ ইনস্টিটিউট অব গভর্নেন্স এন্ড ম্যানেজমেন্ট (বিআইজিএম)-এ সংযুক্ত থাকবেন। |

২। আগ্রহী কর্মকর্তাগণকে আগামী ১৬ মার্চ ২০২৫ তারিখের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় {দৃ.আ. অতিরিক্ত সচিব (ক্যারিয়ার, প্লানিং অ্যান্ড ট্রেনিং), জনপ্রশাসন মন্ত্রণালয়} বাংলাদেশ সচিবালয়, ঢাকা, বরাবর অথবা যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে ই-মেইলে (it3@mopa.gov.bd) নির্ধারিত ফরমে আবেদন করার জন্য অনুরোধ করা হলো।

১৩.০২.২০২৫
(হাওলাদার আবু সাঈদ)
সহকারী সচিব
ফোন: ২২৩৩৫৭১১৩

সিনিয়র সিস্টেম এনালিস্ট
পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয়
(বর্ণিত বিজ্ঞপ্তি ও সংযুক্ত আবেদন ফরম এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।